COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 6th Semester Examinations, 2022

BENGALI

DSE-4

সময়: ২ ঘণ্টা

পূর্ণমান: ৪০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

The question paper contains paper DSE-4A and DSE-4B.
The candidates are required to answer any *one* from the *two* papers.
Candidates should mention it clearly on the Answer Book.

DSE-4A

বাংলা শিশুসাহিত্য

১। নিম্নলিখিত যে-কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) 'ঠাকুরমার ঝুলি' গ্রন্থটির লেখক কে ?

(খ) 'আবোল তাবোল' কার লেখা ?

(গ) 'বাংলার ডাকাত' কে লিখেছিলেন ?

(ঘ) 'স্বপনবুড়ো' কার ছদ্মনাম ?

(ঙ) 'পদিপিসির বর্মিবাক্স' কত সালে প্রথম প্রকাশিত হয় ?

(চ) পদিপিসির একমাত্র ছেলের নাম কী ?

(ছ) 'লাল বর্মিবাক্স'-এর ওপর কী নকশা আঁকা ছিল ?

(জ) গুপি গাইনের প্রকৃত নাম কী ?

(ঝ) 'গুপি গাইন বাঘা বাইন' অবলম্বনে সত্যজিৎ রায়ের পরিচালনায় ভিন্ন নামের চলচ্চিত্রটির নাম কী ?

(ঞ) 'টেনিদা' চরিত্রের স্রষ্টার নাম কী ?

(ট) উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর সঙ্গে সুখলতা রাওয়ের সম্পর্কটি কী ?

(ঠ) সন্দেশ পত্রিকাটি কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয় ?

(ড) 'ইতি তোমার মা' গল্পে বুড়োর দাদু কোন্ স্কুলের হেডমাস্টার ছিলেন ?

(ঢ) বুড়োর পোষা কুকুরের নাম কী ?

(ণ) শ্যামল কতদিন বুড়োর বাড়িতে ছিল ?

২। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫

(ক) শিশুসাহিত্য কি শুধু শিশুদের জন্য ? এবিষয়ে সুচিন্তিত মতামত দাও।

(খ) 'গুপি গাইন বাঘা বাইন' কী জাতীয় রচনা ? আলোচনা করো।

(গ) কোথা থেকে কীভাবে পদিপিসি বর্মিবাক্স পেলেন, তা সংক্ষেপে জানাও।

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) শিশুসাহিত্যের ধারায় অনুবাদমূলক কর্মের গুরুত্ব আলোচনা করো।

(খ) 'গুপি গাইন বাঘা বাইন' রচনার বাস্তবতা নির্দেশ করো।

(গ) বুড়োর চরিত্র বিকাশে বিশুদার ভূমিকা নিয়ে আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) শিশুসাহিত্যে রবীন্দ্রনাথের অবদান আলোচনা করো।

(খ) পদিপিসি চরিত্রের বুদ্ধিমত্তার দিকগুলি নিয়ে আলোচনা করো।

(গ) 'সত্য, ধর্ম ও পৌরুষের চূড়ান্ত জয়ের এক অপ্রতিম আলেখ্য' — 'ইতি তোমার মা' অবলম্বনে মন্তব্যটি আলোচনা করো।

DSE-4B

ভ্রমণ সাহিত্য

১। নিম্নলিখিত যে-কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) 'হিমালয় ভ্রমণ' কার লেখা ?

(খ) উমাপ্রসাদ মুখোপাধ্যায়ের হিমালয় ভ্রমণ বিষয়ে একটি গ্রন্থের নাম লেখো।

(গ) 'দু-চাকার দুনিয়া' গ্রন্থের লেখক কে ?

(ঘ) 'পালামৌ' প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ?

(ঙ) শিলওয়ার বানাতে কত গজ কাপড় লাগে ?

(চ) 'দেশে বিদেশে'র লেখক সৈয়দ মুজতবা আলী পেশোয়ারে কার বাড়িতে অতিথি হয়েছিলেন ?

(ছ) 'কোথায় পাবো তারে' উপন্যাসটির প্রথম প্রকাশকাল লেখো।

(জ) 'রম্যাণি বীক্ষ্য' গ্রন্থের লেখক কে ?

(ঝ) নবনীতা দেবসেনের লেখা একটি ভ্রমণ বিষয়ক গ্রন্থের নাম লেখো।

(ঞ) 'দেশে-বিদেশে' গ্রন্থের মামুদ গাজী কী বাজিয়ে গান করতো ?

(ট) বাংলায় প্রথম কে ভ্রমণ সাহিত্য রচনা করেন ?

(ঠ) 'দেশে বিদেশে' কখন প্রথম প্রকাশিত হয়েছিল ?

(ড) রবীন্দ্রনাথের লেখা একটি ভ্রমণ সাহিত্য বিষয়ক রচনার নাম লেখো।

(ঢ) বাংলা ভ্রমণ সাহিত্য উপন্যাস হয়ে উঠেছে – এমন একটি রচনার উল্লেখ করো।

(ণ) কালকূটের রচিত একটি ভ্রমণ সাহিত্য বিষয়ক রচনার নামোল্লেখ করো।

২। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫

(ক) ভ্রমণ সাহিত্যের সঙ্গে গাইড বুকের পার্থক্য কী ?

(খ) 'পালামৌ' অবলম্বনে সে-সময়ে বিহারের আদিবাসী সমাজের দারিদ্রলাঞ্ছিত জীবনের ছবিটি তুলে ধরো।

(গ) 'দেশে-বিদেশে' গ্রন্থে উৎসারিত হাস্যরসের বর্ণনা দাও।

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) 'বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে' — কোন্ গ্রন্থ থেকে নেওয়া হয়েছে ? মন্তব্যটির সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।

(খ) আমানউল্লা কে ছিলেন ? তাঁর প্রবর্তিত শাসনসংস্কার আফগানিস্থানে কতটা ফলপ্রসূ হয়েছিল, তা 'দেশে-বিদেশে' গ্রন্থ অবলম্বনে আলোচনা করো।

(গ) সাধক বা সাধনার বিবরণের অন্তরালে মানব-মানবীর চিরন্তন প্রেম বুভুক্ষার পরিচয় কালকূটের 'কোথায় পাবো তারে' উপন্যাসের মধ্যে কীভাবে রূপ পেয়েছে আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) ভ্রমণ কাহিনী কীভাবে উপন্যাস হয়ে ওঠে, তা দৃষ্টান্তসহ বুঝিয়ে দাও।

(খ) 'দেশে-বিদেশে' অবলম্বনে কাবুলের আর্থ-সামাজিক ও রাজনৈতিক অবস্থার পরিচয় দাও।

(গ) বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের ভাষাশৈলী 'কোথায় পাবো তারে' উপন্যাসে যেভাবে মূর্ত হয়ে উঠেছে তা আলোচনা করো।

——×——